১৬ ডিসেম্বর বিমানের ফ্লাইট না থাকলে কীভাবে ফিরবেন শেখ হাসিনা?



শেখ হাসিনা। ছবি: সংগৃহীত

ছাত্র-জনতার অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত হয়ে মৃত্যুদণ্ডে দণ্ডিত শেখ হাসিনা বর্তমানে ভারতে অবস্থান করছেন। ডিসেম্বর মাসে দেশে ফেরার ইচ্ছার কথা আগেই জানিয়েছিলেন তিনি। এবার ১৬ ডিসেম্বর দেশে ফেরার পরিকল্পনার কথা রয়টার্সের প্রতিবেদনে উঠে আসার পর বিষয়টি নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, জাতীয় পতাকাবাহী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের উড়োজাহাজে দেশে ফেরার ব্যবস্থা করতে সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন শেখ হাসিনা।

এর আগে তাঁর পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্রের জন্য আবেদনের খবরও প্রকাশ করেছিল রয়টার্স। তবে সরকার জানিয়েছিল, মানবতাবিরোধী অপরাধে দণ্ডিত আসামি হিসেবে তাঁকে পাসপোর্ট দেওয়ার বাধ্যবাধকতা নেই। অন্যদিকে, ভারত-বাংলাদেশ বন্দি প্রত্যর্পণ চুক্তির আওতায় তাঁকে দেশে ফিরিয়ে আনার উদ্যোগের কথা জানিয়েছে সরকার।

এর মধ্যে কয়েক দিন আগে বেনাপোলের ওপারে ভারতের পেট্রাপোল সীমান্তে আওয়ামী লীগের কয়েকজন নেতার উপস্থিতি নিয়েও নানা আলোচনা তৈরি হয়।

তবে শেখ হাসিনার ১৬ ডিসেম্বর বিমানে ফেরার ইচ্ছার বিষয়টি সামনে আসার পর একটি প্রশ্ন দেখা দিয়েছে। ওই দিন বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ঢাকা-দিল্লি রুটে নিয়মিত কোনো ফ্লাইট নেই।

তাহলে কীভাবে দেশে ফিরতে চান শেখ হাসিনা? তাঁকে আনতে কি বিশেষ উড়োজাহাজ পাঠানোর অনুরোধ জানিয়েছেন তিনি? এ ধরনের ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া কী এবং বর্তমান পরিস্থিতিতে তা কতটা সম্ভব?